

বিশ্বমানের জাতীয়  
পরিসংখ্যান ব্যবস্থা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
আইসিটি শাখা-১

## ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	শেখ মোঃ কাবেদুল ইসলাম অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	০১ মার্চ, ২০২২ খ্রি.
সভার সময়	বিকাল ২.৩০ মিনিট
স্থান	সম্মেলন কক্ষ (ব্লক-বি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উপস্থিতি	.

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্যসচিব জনাব মুঃ ওয়াহিদ মুরাদকে ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের অনুরোধ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে সদস্যসচিব জানান যে, ২০২১-২২ অর্থবছরে সরকার সমন্বিত এপিএ চালু করেছে। সমন্বিত এপিএ এর সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের আওতায় ইনোভেশন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.১.১ অনুযায়ী একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। এ পরিপ্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রস্তুত ও সর্বশেষ হালনাগাদকৃত **geocode** অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থায় ব্যবহারের সুবিধার্থে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর আওতায় একটি **Application Programming Interface (API)** অ্যাপ্লিকেশন প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে **API** অ্যাপ্লিকেশনটি প্রস্তুতকরণের প্রাথমিক কার্যক্রম সম্পন্ন হয়েছে।

৩। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের সিস্টেম অ্যানালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম প্রস্তুত **API** অ্যাপ্লিকেশন ও অ্যাপ্লিকেশন সম্পর্কিত ফিচারসমূহ সভায় উপস্থাপন করেন। এপর্যায়ে সভাপতি এ বিষয়ে উপস্থিত সকলের মতামত আহ্বান করেন।

৪। এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) মিজ শিরীন রুবি জানান, তিনি সম্পূর্ণ অ্যাপ্লিকেশনটি রিভিউ করেছেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেছেন। সর্বোপরি তিনি মনে করেন যে **API** অ্যাপ্লিকেশনটি অতিদ্রুত উন্মুক্ত করা প্রয়োজন। এ বিভাগের উপসচিব ড. দিপংকর রায় বলেন, এই **API** বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসহ অন্যান্য ব্যবহারকারীগণ তাঁদের নিজস্ব অ্যাপ্লিকেশনের সঙ্গে ইন্টিগ্রেট করে স্বল্প সময়ে সর্বোচ্চ সুবিধা নিতে পারবেন।

৫। এ বিভাগের সিনিয়র সহকারী সচিব খন্দকার মোঃ মাহাবুবুর রহমান বলেন, **geocode** ইতোমধ্যে বাস্তবায়িত। তিনি **API** অ্যাপ্লিকেশনটি ডেভেলপ করার প্রয়োজনীয়তা জানতে চান। এ পরিপ্রেক্ষিতে এ বিভাগের সিস্টেম অ্যানালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম বলেন, নির্বাচন কমিশনের **NID** সিস্টেমের আদলে **geocode** এর **API** অ্যাপ্লিকেশনটি একটি ডিজিটাল সার্ভিস, যার মাধ্যমে **geocode** ব্যবহারকারীগণ তাঁদের নিজস্ব সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়নধীন **API** অ্যাপ্লিকেশনটির সঙ্গে সরাসরি ইন্টিগ্রেট করে **geocode** নিতে পারবে। অতঃপর **API** অ্যাপ্লিকেশনটির বিষয়ে উপস্থিত সকলের মতামত পর্যালোচনা শেষে সেবাটি সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সদয় অনুমোদনের জন্য চূড়ান্ত করা হয়।

৬। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সুপারিশসমূহ গৃহীত হয়:

(ক) geocode সহজে ব্যবহার করার জন্য প্রস্তুত API অ্যাপ্লিকেশন প্রাথমিকভাবে অনুমোদিত হলো;

(খ) সচিব কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হলে API অ্যাপ্লিকেশনটি উন্মুক্তকরণের ব্যবস্থাগ্রহণ এবং এ বিষয়ে একটি অফিস আদেশ জারি করতে হবে।

৭। অবশেষে আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



শেখ মোঃ কাবেদুল ইসলাম

অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চিফ ইনোভেশন  
অফিসার

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২১.২৪

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮

০৩ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৩) যুগ্মসচিব (প্রশাসন) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৫) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৬) জনাব মো: দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৭) উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৮) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১০) সিনিয়র সহকারী সচিব, তথ্য ব্যবস্থাপনা-২ শাখা ও এপিএ ফোকাল পয়েন্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১১) সিনিয়র সহকারী সচিব, আইন ও অডিট শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১২) সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১৩) সহ. মেইনটেন্যান্স ইঞ্জি., আইসিটি শাখা-১, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১৪) ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ



মুঃ ওয়াহিদ মুরাদ  
প্রোগ্রামার